



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর

নেট থেকে প্রাপ্ত

Najim  
২৭/৭/২০২১

স্মারক নং- জাতীয়বিঃ/পরীঃ/অনার্স ৪র্থ বর্ষ/২০১৯/২০২১/২৮৮৯

তারিখঃ ১৪ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

## ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ মৌখিক পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষের মৌখিক পরীক্ষা গত ২৪/০৬/২০২১ ইং তারিখ শেষ হয়েছে। উক্ত পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী যুক্তিসংগত কারণে অংশগ্রহণ করতে ব্যর্থ হয়েছে তাদেরকে আগামী ১৫/০৭/২০২১ ইং থেকে ১৯/০৭/২০২১ ইং তারিখের মধ্যে স্ব-স্ব কলেজ কেন্দ্রে যোগাযোগ করে ইতোপূর্বে নিয়োগকৃত বহিঃপরীক্ষকগণ এর মাধ্যমে ভিডিও কনফারেন্সের অন-লাইন প্রাটফর্মে (ZOOM APPS) পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য বলা হলো। পরীক্ষায় অংশগ্রহণ পূর্বক অধ্যক্ষের ফরোয়ার্ড সহ ই-মেইল এ নম্বর প্রেরণ ও মূল কপি ডাকে/কুরিয়ারে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স পার্ট-০৪, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি স্ব-স্ব কলেজের পরীক্ষার্থীদের অবহিত করে পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উল্লিখিত সময়ের মধ্যে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষায় অনুপস্থিত দেখিয়ে অকৃতকার্য হিসেবে ফলাফল প্রকাশ করা হবে।

স্বাক্ষর  
২৪/০৭/২০২১

(সদরঃ জ্ঞানমান)  
২৪/৭/২১

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোনঃ- ০২-৯২৯১০১৭

Email: [Controller@nu.ac.bd](mailto:Controller@nu.ac.bd)